পলাতক ওসি মোয়াজ্জেমকে খুঁজে বের করতে কারও গাফিলতি নেই: ওবায়দুল কাদের

ফেনীর মাদ্রাসাছাত্রী নুসরাত জাহান রাফিকে হত্যার ঘটনায় পলাতক ওসি
মোয়াজ্জেমকে খুঁজে বের করতে কারও কোনও গাফিলতি নেই বলে জানিয়েছেন সড়ক
পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেন, ‘এ বিষয়ে প্রধানমন্ত্রী
শেখ হাসিনা খুবই কঠোর। এক্ষেত্রে কারও শৈথিল্য দেখানোর সুযোগ নাই।’
সোমবার (১০ জুন) সচিবালয়ে সড়ক পরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষে সাংবাদিকদের সঙ্গে ঈদের শুভেচ্ছা বিনিময়কালে তিনি এসব কথা বলেন। বিরোধী
দল বিএনপির আন্দোলন প্রসঙ্গে ওবায়দুল কাদের বলেন, ‘তারা আন্দোলনের ডাক
দিয়ে ঘরে বসে হিন্দি সিরিয়াল দেখে আর মোবাইল ফোনে পুলিশের মুভমেন্টের খবর
নেয়। তারা যদি আন্দোলনের মাঠে না যায় সেক্ষেত্রে সরকারের কী করার আছে। ’
এই
সংসদ অবৈধ, রুমিন ফারহানার এমন মন্তব্যের জবাবে ওবায়দুল কাদের বলেন, ‘সংসদ
যদি অবৈধ হয় তাহলে সেই সংসদের সদস্য হওয়ার জন্য তিনি এত কিছু করলেন কেন?’
আওয়ামী
লীগের সাধারণ সম্পাদক বলেন, ‘বিএনপির স্ববিরোধিতা পরিষ্কার। তাদের মহাসচিব
শপথ না নেওয়ায় যে আসনটি ছেড়ে দিলেন সেই আসনে তাদের জেলা আহ্বায়ককে
নির্বাচন করার জন্য মনোনয়ন দিলেন। এটি কি স্ববিরোধীতা নয়?’ দলীয়
নেতাকর্মীদের কারণেই ইমিগ্রেশন সিস্টেম বাধাগ্রস্ত হয় বলে

জানিয়েছেন
প্রধানমন্ত্রী, এ ব্যাপারে মন্তব্য জানতে চাইলে সাংবাদিকদের ওবায়দুর কাদের
বলেন, ‘প্রধানমন্ত্রীর অবজারভেশনের পর সবার সতর্ক হওয়া প্রয়োজন। প্রধানমন্ত্রীর বহনকারী বিমানের পাইলট পাসপোর্ট ছাড়া চলে যায়, এটি মেনে
নেওয়া যায় না। বিষয়টি তদন্ত হচ্ছে।’